নারায়ণগঞ্জে পুলিশি হত্যার ঘটনায় মাদক সম্রাট ডভেডি-আব্দুল্লাহসহ গ্রেফতার, ৬ গুলিতে আহত ডভেডি

লেখক: প্রকাশক | প্রকাশিত: 25 November 2026, 09:54 PM | বিভাগ: সারাদেশ



ফতুল্লায় পুলিশি কনস্টেবল হত্যার ঘটনায় প্রধান মাস্টারমাইন্ড কুখ্যাত মাদক সম্রাট আব্দুল্লাহসহ ৬ জনকে গ্রেফতার করেছে নারায়ণগঞ্জ জেলা পুলিশ।

এ সময় গ্রেফতার এড়াতে পুলিশকে লক্ষ্য করে ককটেল নিক্ষেপ করলে পুলিশের গুলিতে প্রধান আসামি ডভেডি আহত হয়। গ্রেফতারকৃত ৫ আসামির ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

গত ২২ নভেম্বর রাত আনুমানিক ৯টা ৩০ মিনিটে ফতুল্লা থানাধীন হাশেমবাগ এলাকায় গোয়েন্দা তথ্য সংগ্রহের জন্য যান শীতলক্ষ্যা পুলিশি ফাঁড়ির এএসআই আব্দুস সাত্তার ও কনস্টেবল আনোয়ার মোল্লা। সেখানে কতিপয় মাদক ব্যবসায়ী তাদের উপর হামলা চালায়। এতে কনস্টেবল আনোয়ার মোল্লা

নহিত হন। এই ঘটনায় ফতুল্লা থানায় মামলা হয়। মামলা নং-৬৭(১১)।

ঘটনাটি চাঞ্চল্যকর হওয়ায় পুলিশ সুপার মো: হাবিবুর রহমান, পপিএম এর নির্দেশনায় থানা পুলিশ ও জেলা গোয়েন্দা শাখার একাধিক টিম তদন্তে নামে।

তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে ২৫ নভেম্বর দিবাগত রাত আনুমানিক ২টা ১০ মিনিটে মুন্সিগঞ্জ সদর থানা এলাকায় অভিযান চালিয়ে ঘটনার প্রধান মাস্টারমাইন্ড আব্দুল্লাহকে আটক করা হয়। তার দেওয়া তথ্যের ভিত্তিতে রাত ৩টা ৩০ মিনিটে নারায়ণগঞ্জ সদর মডেল থানাধীন দেওভোগ পানির ট্যাংকি ও তাসলিম পট্টি এলাকা থেকে সামাদ ও হাসানকে গ্রেফতার করা হয়।

পরে তাদের তথ্যে সকাল আনুমানিক ৭টা ৫০ মিনিটে তাসলিম পট্টির নুর হোসেনের পরিত্যক্ত বিল্ডিংয়ে অভিযান চালিয়ে হত্যাকাণ্ডের প্রধান আসামি ডিবেডিকে গ্রেফতার করতে গেলে সে পুলিশকে লক্ষ্য করে ককটেল নিক্ষেপ করে। আত্মরক্ষার্থে পুলিশ গুলি করলে ডিবেডির ডান পায়ে আঘাত লাগে। এ সময় ককটেলের আঘাতে পুলিশের ৪ সদস্য সামান্য আহত হন। আহত ডিবেডিকে খানপুর হাসপাতালে পাঠানো হয়েছে।

ঘটনাস্থল থেকে বোমা তৈরির সরঞ্জাম, ৩টি ধারালো দেশীয় অস্ত্র, ১টি মোটরসাইকেল উদ্ধার করা হয়। অপরদিকে এসআরবি-১১, নারায়ণগঞ্জ পৃথক অভিযানে আরও ২ জন আসামিকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন,

আব্দুল্লাহ (৩২) মোহাম্মদ রিয়াজ ওরফে ডিবেডি (২৮) আব্দুস সামাদ (২৩) মাহমুদুল হাসান (২২) জাবেদ কায়সার আজাদ (৪০) আদর (২২)

এই ঘটনায় পুলিশের অভিযান অব্যাহত রয়েছে বলে জানিয়েছে জেলা পুলিশ।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।